



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

Dinajpur Govt. College, Dinajpur

www.dgc.edu.bd



☎:0531-63360, ☎:0531-61953

E-Mail: principal@dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/একাদশ শ্রেণি ভর্তি/২০-২১/২০২১/৪৫

তারিখ: ২৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১২ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিভাগ/বিষয় পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

সূত্র: স্মারক নং-মাউশিবোদি/কলেজ/নিবন্ধন/২০২১/৮৮৫(২)

তারিখ: ১০/০১/২০২১ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, যারা বিভাগ/বিষয় পরিবর্তনে ইচ্ছুক তাদের ২০/০১/২০২১ তারিখের মধ্যে অধ্যক্ষ বরাবর স্বহস্তে লিখিত আবেদন (মোবাইল নম্বরসহ) মূল ক্যাম্পাসের হিসাববিজ্ঞান বিভাগে জমা দেয়ার জন্য বলা হলো।


বিভাগ/বিষয় পরিবর্তনের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ভর্তি বিজ্ঞপ্তির প্রাথমিক শর্তাবলি অনুসরণ করা হবে এবং আসন শূন্য থাকা সাপেক্ষে আবেদনকারীদের মধ্যে থেকে মেধাক্রম অনুযায়ী বিভাগ পরিবর্তনের সুযোগ প্রদান করা হবে।

উল্লেখ্য যে, আগামী ২০/০১/২০২১ তারিখ বেলা ১১:০০ টায় মূল ক্যাম্পাসের হিসাববিজ্ঞান বিভাগের অফিস কক্ষে সাক্ষাৎকার গ্রহণ শেষে বিভাগ/বিষয় পরিবর্তনের ফলাফল প্রকাশ করা হবে। বিভাগ/বিষয় পরিবর্তনের জন্য নির্বাচিত ছাত্রছাত্রীদের আগামী ২১/০১/২০২১ তারিখ অফিস চলাকালীন বিভাগ/বিষয় পরিবর্তন ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা কলেজের ক্যাশ শাখা থেকে রসিদ সংগ্রহ করে সাউথইস্ট ব্যাংক লিমিটেড-এ জমা দিয়ে জমা রসিদের বিভাগীয় অংশ হিসাববিজ্ঞান বিভাগের অফিস কক্ষে জমা দিতে হবে। অন্যথায় বিভাগ/বিষয় পরিবর্তনের মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।


১. বিজ্ঞান (এসএসসি) বিভাগের শিক্ষার্থী মানবিক অথবা ব্যবসায় শিক্ষা বিভাগে (এইচএসসি) যেতে পারবে।
২. মানবিক (এসএসসি) বিভাগের শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা বিভাগে (এইচএসসি) যেতে পারবে।
৩. ব্যবসায় শিক্ষা (এসএসসি) বিভাগের শিক্ষার্থী মানবিক বিভাগে (এইচএসসি) যেতে পারবে।

আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে।

১. এসএসসি পাসের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;
২. পাসপোর্ট সাইজের ছবি ০১ কপি;
৩. ভর্তি রসিদের ফটোকপি।

প্রতি স্বাক্ষর

২৪/০১/২০২১
অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ
দিনাজপুর


২৪/০১/২০২১ খ্রি!
(প্রফেসর মো: আব্দুল মতিন)

আহ্বায়ক
একাদশ শ্রেণি ভর্তি কমিটি ২০২০-২০২১
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
তারিখ:

স্মারক নম্বর-

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।
- ২। আহ্বায়ক, একাদশ শ্রেণি ভর্তি কমিটি ২০২০-২০২১, অত্র কলেজ।
- ৩। অফিস নথি।